# AKASHVANI KOLKATA
## Regional News Unit

**Date: 11.07.2026** **Time: 1-40 PM**

*****************************************************************

ফের বারুইপুরে গিয়ে, আজ নির্যাতিতার বাড়িতে পরিবারের সদস্যদের সঙ্গে কথা বললেন, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। ওই নারকীয় ঘটনার তদন্তে নির্যাতিতার পরিবার যেভাবে সহায়তা করছেন, তা' সাধুবাদযোগ্য বলে মুখ্যমন্ত্রী মন্তব্য করেছেন। সরাসরি মুখ্যমন্ত্রীর নজরদারিতে ঘটনার তদন্ত হবে বলে শুভেন্দু অধিকারী জানান।

( বাইট- মুখ্যমন্ত্রী ১-৪০)

নির্যাতিতার পরিবারের দাবী অনুযায়ী ওই অঞ্চলে একটি পুলিশ ফাঁড়ির উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী।

গণপিটুনিতে নিহত **ইন্দ্রজিত মন্ডলের বাড়িতেও** যান তিনি। ইন্দ্রজিতের দাদার হাতে সরকারি চাকরীর নিয়োগ পত্র তুলে দেন মুখ্যমন্ত্রী।

এদিকে, বারুইপুরে মৃত্যু, ভাঙচুর ও অগ্নিসংযোগের মামলায় আরও তিন জনকে গ্রেফতার করেছে পুলিশ। এই নিয়ে মামলায় মোট গ্রেফতারের সংখ্যা বেড়ে দাঁড়াল- ৩৮। ধৃতদের আজই বারুইপুর মহকুমা আদালতে তোলা হবে।

*****************************************************************

অভিন্ন দেওয়ানি বিধির সংস্থান সম্বলিত খসড়া বিল পর্যালোচনায় কমিটি গঠন করেছে রাজ্য সরকার। ৯ সদস্যের এই বিশেষজ্ঞ কমিটির চেয়ারপার্সন সুপ্রিম কোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি রঞ্জনা প্রকাশ দেশাই। এছাড়া সদস্য হিসেবে রয়েছেন, মেঘালয়ের প্রাক্তন রাজ্যপাল তথাগত রায়, আই এ এস দুষ্মন্ত নারিয়ালা, রাজ্যের স্বরাষ্ট্রসচিব সংঘমিত্রা ঘোষ, অবসরপ্রাপ্ত আই এ এস শত্রুঘ্ন সিং প্রমুখ। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ বারুইপুরে এ-কথা জানান।

*****************************************************************

'আয়ুষ্মান ভারত' প্রকল্পে সংযুক্ত না হতে পারা নাগরিকদের জন্য, 'মুখ্যমন্ত্রী স্বাস্থ্যবীমা' উদ্যোগে ৫ লক্ষ টাকা পর্যন্ত বিমার সুবিধার কথা ঘোষণা করেছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। গতকাল মুর্শিদাবাদের রেজিনগরের সভা থেকে মুখ্যমন্ত্রীর এই ঘোষণায় স্বস্তিতে বহু পরিবার।

*****************************************************************

কেন্দ্রীয় সরকার রেশন ডিলারদের কমিশন বৃদ্ধি করেছে। কেন্দ্রীয় খাদ্য মন্ত্রক থেকে বিজ্ঞপ্তি জারির মাধ্যমে গত পয়লা এপ্রিল থেকে এই রাজ্য সহ অন্যান্য রাজ্যের রেশন ডিলাররা কুইন্টাল প্রতি খাদ্য শস্যে ১০ টাকা

করে অতিরিক্ত কমিশন পাবেন জানানো হয়েছে বলে খাদ্য ও সরবরাহ দপ্তর সূত্রে জানা গিয়েছে। উল্লেখ্য বর্তমানে রাজ্যের রেশন ডিলাররা কুইন্টাল প্রতি খাদ্যশস্যে ৯৫ টাকা করে কমিশন পান।

*************************************************************
১৫ জন মৎস্যজীবী সহ পূর্ব মেদিনীপুর জেলার শংকরপুর থেকে সমুদ্রে মাছ ধরতে যাওয়া ট্রলারটির খোঁজ পাওয়া গেছে। সেটিকে উদ্ধার করার জন্য শঙ্করপুর থেকে রওনা দিয়েছে একাধিক ট্রলার। মৎস্যজীবীরা কেমন আছেন, সে সংক্রান্ত কোন তথ্য এখনও পাওয়া যায়নি। এখবর জানিয়েছেন শঙ্করপুর ফিস ট্রেডার্স অ্যাসোসিয়েশনের সম্পাদক প্রাক্তন বিধায়ক স্বদেশ রঞ্জন নায়েক।

*************************************************************
মেট্রো রেলের কাজের জন্য চিংড়িহাটা উড়ালপুল গতকাল রাত ৮টা থেকে বন্ধ রাখা হয়েছে। সোমবার, ১৩ই জুলাই সকাল ৮টা পর্যন্ত তা বন্ধ থাকবে বলে পুলিশের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে। এই সময় এই অংশ দিয়ে কোনোরকম যান চলাচল করবে না। উত্তরমুখী গাড়ি গুলি এই সময়কালে বেলেঘাটা মেইন রোড ও ই এম বাইপাস ক্রসিং হয়ে চলাচল করবে বলে কলকাতা পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে।

উল্লেখ্য, এর আগে জুলাইয়ের প্রথম সপ্তাহেই উড়ালপুলে যান চলাচল নিয়ন্ত্রণ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। কিন্তু পরে তা স্থগিত রাখা হয়।

*************************************************************
পূর্ব রেলের হাওড়া ডিভিশনের ব্যান্ডেল ষ্টেশন সীমান্তে ট্র্যাকের রক্ষণাবেক্ষণ কাজের জন্য আজ রাত সাড়ে ১১ টা থেকে মোট ৩৬০ মিনিট ট্র্যাফিক ব্লক থাকবে। এই কারণে আজ হাওড়া থেকে ১ টি হাওড়া - ব্যান্ডেল লোকাল বাতিল থাকবে।

এছাড়াও আগামীকাল ব্যান্ডেল থেকে চারটি এবং হাওড়া থেকে তিনটি লোকাল বাতিল করা হয়েছে। এছাড়া, আগামীকাল ( 12.07.26) 63501 হাওড়া - বর্ধমান MEMU, কর্ড লাইনে চলবে বলেও রেলের তরফে জানানো হয়েছে।

*************************************************************
আজ বিশ্ব জনসংখ্যা দিবস। প্রতি বছর ১১ই জুলাই বিশ্ব জনসংখ্যা দিবস পালিত হয়। পরিবার পরিকল্পনা, লিঙ্গ সমতা, মাতৃ স্বাস্থ্য, দারিদ্রতা জনিত সমস্যা ও মানবাধিকারের মতো জনসংখ্যা সংক্রান্ত নানা বিষয়ে জনসাধারণের মধ্যে সচেতনতা প্রসার ঘটানো দিনটি পালনের অন্যতম লক্ষ্য। ১৯৭৯ সালে রাষ্ট্রসংঘ উন্নয়ন

কর্মসূচী ১১’ই জুলাই দিনটিকে বিশ্ব জনসংখ্যা দিবস হিসেবে ঘোষণা করে।দিনটি উপলক্ষে বিশ্বজুড়ে বিভিন্ন সংগঠন, সংস্থা নানা অনুষ্ঠান ও কর্মসূচির আয়োজন করেছে। এই বছরে জনসংখ্যা দিবসের মূল ভাবনা হলো,"বর্তমান এবং ভবিষ্যতের লক্ষ্যে যুব সমাজের আশা এবং আকাঙ্খা উপলব্ধি"।

****************************************************************

পাঁচ ম্যাচের টি-টোয়েন্টি ক্রিকেট সিরিজের শেষ খেলায় আজ ভারত, ইংল্যান্ডের মুখোমুখি হবে। সাউদাম্পটনের ইউটিলিটা বোলে খেলা শুরু হবে ভারতীয় সময় সন্ধ্যা ৭টায়। ইংল্যান্ড ইতোমধ্যেই ৩-০ ব্যবধানে এগিয়ে থেকে সিরিজ জয় নিশ্চিত করেছে।

এরপর, ভারত ও ইংল্যান্ড ওয়ান-ডে সিরিজে একে অপরের মুখোমুখি হবে।

****************************************************************